# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৬০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মানুষের মধ্যে পরিবর্তন আসা

الفصل الاول (بَاب تغير النَّاس)

আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّمَا النَّاسُ كَالْإِبِلِ الْمِائَةِ لَا تَكَادُ تَجِدُ فِيهَا رَاحِلَةً» . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق علیه ، رواه البخاری (6498) و مسلم (232 / 2547)، (6499) ـ
(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৩৬০-[১] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: মানুষ উটের মতো, যাদের একশ’টির মধ্যে সওয়ারীর উপযোগী একটিও পাওয়া কঠিন হয়। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ : বুখারী ৬৪৯৮, মুসলিম ২৩২-(২৫৪৭), মুসনাদে আহমাদ ৬০৩০, আবূ ইয়া'লা ৫৪৫৭, সহীহ ইবনু হিব্বান ৫৭৯৭, আল মু'জামুল কাবীর লিত্ব তৃবারানী ১২৯২৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّمَا النَّاسُ كَالْإِبِلِ الْمِائَةِ) মানুষের বিভিন্ন অবস্থা ও গুণাবলির দৃষ্টিকোণ থেকে একশত উটের সাথে তুলনা দেয়া যায়। উক্ত একশত উটের মধ্যে খুব কম এমন উট পাওয়া যাবে যারা শক্তিশালী, জোয়ান এবং আরোহণের উপযোগী। ঠিক তেমনি মানুষের মধ্যে খুব কম লোকই পাওয়া যায় যারা বন্ধু হওয়ার উপযোগী ও ভালোবাসা রাখার উপযুক্ত। যারা তাদের বন্ধুকে সহযোগিতা করবে এবং তার জন্য কোমলতা প্রদর্শন করবে। ইবনু বাত্তল (রহিমাহুল্লাহ) বলেন, হাদীসে উদ্ধৃত মানুষ বলতে ঐ সমস্ত লোকেদের বুঝানো হয়েছে যারা উত্তম যুগ

তথা সাহাবা, তাবিঈন ও তাবি' তাবিঈনদের যুগের পরবর্তীতে আসবে। যেহেতু তাদের মধ্যে আমানাতদার কেউ থাকবে না। (ফাতহুল বারী ১১/৬৪৯৮, মিরকাতুল মাফাতীহ, ইবনু মাজাহ ৩/৩৯৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন